

বাংলাদেশ-ওমান 5ম টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত

ঢাকা- 19 মার্চ 2019

আজ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে সকাল 10.00 টায় বাংলাদেশ-ওমান 5ম টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় বাংলাদেশ থেকে ওমানের অধিক কর্মক্ষেত্রে আরো বেশি সংখ্যক কর্মী প্রেরণ, ওমানে কর্মরত প্রবাসী বাংলাদেশীদের সুযোগ সুবিধা বৃদ্ধিসহ স্বার্থ সংরক্ষণ এবং নিরাপদ, নিয়মিত, সুশৃংখল ও দায়িত্বশীল অভিবাসনে জনসচেতনতার গুরুত্ব নিয়ে আলোচনা হয়। এ সভায় বাংলাদেশের শ্রমিকদের দক্ষতা ও শ্রম অভিবাসন বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ দেশে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের পাশাপাশি ওমানে নিয়োজিত কর্মীদের অধিকার সুরক্ষায় ওমান কর্তৃপক্ষের ব্যবস্থা গ্রহণ বিষয়ে ঐক্যমত পোষণ করা হয়।

সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব রৌনক জাহান-এর নেতৃত্বে অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেল এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ ফজলুল করিম, যুগ্মসচিব মোঃ জাহাংগীর আলম প্রমুখ উপস্থিত ছিলেন।

ওমান সালতানাতের ম্যানপাওয়ার ফর লেবার ওয়েলফেয়ার মন্ত্রীর উপদেষ্টা সালেহ আয়াইল সামিছ আল আমরি (Saleh Aayil Khamis Al-Aamri)'র নেতৃত্বে ওমান প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন জনশক্তি মন্ত্রণালয়ের ডিজি সেলিম সাইদ সেলিম আল বদি (Salim Said Salim Al Badi) ও জনশক্তি মন্ত্রণালয়ের ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন এবং বৈদেশিক সম্পর্ক বিভাগের পরিচালক নাসের সেলিম নাসের আল হাধরামি (Nasser Salim Naser Al Hadhrami)।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল- 01712-380435

